মুজিবনগরে কোভিড-১৯ এর জনসচেতনা মূলক রোড শো’র উদ্বোধন

মুজিবনগরে মুজিববর্ষে কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি অনুসরণ করে উপজেলা পর্যায়ে জনসচেতনা মূলক( ক্যারাভান রোড শো) এর উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার সকাল সাড়ে এগারোটার দিকে উপজেলা পরিষদ চত্বরে অনুষ্ঠিত জনসচেতনা মূলক(ক্যারাভান রোড শো) অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কতৃপক্ষের আয়োজনে ও মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠানটির উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

জেলা নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মাহম্মুদের উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম, মুজিবনগর কমপ্লেক্স শিশুপরিবারের এডি শেখ ফারুক হোসেন, জেলা নিরাপদ খাদ্য পরিদর্শক তরিকুল ইসলাম,মুজিবনগর উপজেলা পৌকশলী শাহীন আক্তার, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার শহিদুল ইসলাম প্রমুখ।

মঙ্গলবার দুপুর থেকে সন্ধা প্রযন্ত উপজেলার বিভিন্ন গ্রামে কোভিড-১৯ এর জনসচেতনা মূলক(ক্যারাভান রোড শো) করা হয়।

মুজিবনগরে পিঠা উৎসব

আবহমান গ্রাম বাংলার ঐতিহ্যের বড় অংশ দখল করে আছে পিঠা। শীত মানেই বাড়ি বাড়ি পিঠাপুলি তৈরী ও খাওয়ার ধুম পড়ে যায়।

সেই আনন্দ সকলের মাঝে ছড়িয়ে দিতে মেহেরপুরের মুজিবনগর উপজেলা সমাজসেবা অফিসের আয়োজনে হয়ে গেল পিঠা উৎসব। প্রচলিত বিভিন্ন পিঠা প্রদর্শন ছাড়াও নতুন নতুন পিঠা তৈরী করে উৎসবে শরীক হয় ৪ টি

ইউনিয়নের পল্লী মাতৃকেন্দ্র।

রবিবার দুপুর ৩টার দিকে এ উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

এ সময় মুজিবনগর কমপ্লেক্স শিশু পরিবারের এডি শেখ ফারুক হোসেন, মুজিবনগর উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব, মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলামসহ বিভিন্ন অফিসের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সমাজসেবা অফিন প্রাঙ্গণে আয়োজিত এ উৎসবে শ্রেণি ভিত্তিক পৃথক স্টলে পিঠার ডালি সাজায় পল্লী মাতৃকেন্দ্রের সদস্যরা। ভাপা, পাটিসাপটা, পাকান, দুধপুলি, দুধসর, সরু, কুলি ও চিতই পিঠাসহ বিভিন্ন ধরনের পিটা প্রদর্শন করে। আয়োজন নিয়ে উচ্ছসিত ছিলেন অংশগ্রহণকারীরা।

শীতের পিঠা উৎসব নিয়ে সন্তোষ প্রকাশ করেন উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার বলেন, উপজেলা সমাজসেবা অফিস এ ধনেরর সুন্দর একটি উৎসবের আয়োজন করায় আমরা সকলেই আনন্দিত। এ ধরনের আয়োজন প্রতি বছরই করা দরকার। গ্রাম বাংলার ঐতিহ্য ধরে রাখতে পিঠা উৎসব গুরুত্বপুর্ণ ভুমিকা পালন করবে।

মুজিবনগরে নগদ টাকা ও ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মুজিবনগরে ১শ ২০ বোতল ফেন্সিডিল ও ফেন্সিডিল বিক্রির ১ লাখ ৫৮ হাজার টাকাসহ রমজান শেখ (৬৩) নামের এক মাদক ব্যবসাশীকে আটক করেছে ডিবি পুলিশ। শনিবার দিবাগত রাতে মুজিবনগর উপজেলার শিবপুর গ্রাম থেকে তাকে আটক করা হয়।

আটক রমজান শেখ একই গ্রামের মৃত নিয়ামত শেখ এর ছেলে। মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের এস আই মুক্ত রায় এর নেতৃত্বে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামে অভিযান চালিয়ে বিপুল পরিমান ফেনসিডিলসহ এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। সেই সাথে ফেন্সিডিল বিক্রির নগদ ১ লাখ ৫৮ হাজার টাকা জব্দ করা হয়েছে।

জেলা গোয়েন্দা কার্যালয়ে নিয়ে তাকে জিজ্ঞাসাবাদ শেষে মুজিবনগর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। এছাড়াও আটক রমজান শেখ এর বিরুদ্ধে আরও ৪টি মাদক মামলা আদালতে বিচারাধীন রয়েছে।

মেপ্র/এমএফআর

মুজিবনগরে জাতীয় সমাজসেবা দিবস পালন

“ক্ষুধা ও দারিদ্রমুক্ত সমাজ বিনির্মানে, সেবা ও সুযোক প্রান্তজনে” এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে মেহেরপুরের মুজিবনগর উপজেলা সমাজসেবার উদ্যোগে জাতীয় সমাজসেবা দিবস ২০২১ উদযাপন করা হয়েছে।

শনিবার সকাল সাড়ে ১১টার দিকে উপজেলা পরিষদ হলরুমে উক্ত অনুষ্ঠান আয়োজন করা হয়।মুজিবনগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা প্রকৌশলী শাহীন আক্তার।

বক্তব্য রাখেন পল্লী সমাজসেবা গ্রাম কমিটির সভাপতি আশরাফুল ইসলাম ও সদস্য তাহমিনা খাতুন প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতেই সমাজসেবার বিভিন্ন কার্যক্রম তুলে ধরে উপস্থিত সকলের সামনে স্বাগত বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুর রব।

অনুষ্ঠান শেষে ১৫জন প্রতিবন্ধী ব্যাক্তিকে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা ও সুবর্ন নাগরিক পরিচয়পত্র প্রদান করা হয়।

মুজিবনগরে বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ

মুজিবনগরে বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বই বিতরণের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার সকাল সাড়ে এগারোটার দিকে বিদ্যালয় প্রাঙ্গণে বই বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালী সংযুক্তের মাধ্যেমে উপস্থিত থেকে দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বই বিতরণের উদ্বোধন করেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য, জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন।

জেলা প্রশাসন ও জেলা শিক্ষা অফিসের আয়োজনে উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তৌফিকুর রহমান, মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার একেএম মামুনুর রশিদ, মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোবারক হোসেন প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন।

মুজিবনগরে হারানো সংসার ফিরে পেলেন মহিদুল-খাদিজা

মুজিবনগরে থানা নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধী সার্ভিস ডেস্কের সহোযোগীতায় ২ বছরের হারানো সংসার ফিরে পেলেন মহিদুল ও খাদিজা খাতুন।

মহিদুল ইসলাম মুজিবনগর উপজেলার মানিকনগর গ্রামের হাসুর ছেলে ও খাদিজা খাতুন একই উপজেলার বাগোয়ান গ্রামের মিলাম হোসেনের মেয়ে।

পারিবারিক ভাবে দুপক্ষের মত অনুযায়ী ৭ বছর আগে বিয়ে হয় তাদের। সংসারে রয়েছে একটি ৫ বছরের মেয়ে সন্তান। শুরুতে চলছিলো খুব ভালোই। বিয়ের কয়েক বছর পর এনজিও থেকে ঋণ নেওয়ার পর পরিশোধ না করাকে কেন্দ্র করে শুরু হয় তাদের পারিবারিক অশান্তি।

এক পর্যায়ে বছর দুয়েক আগে তাদের মধ্যে ছাড়াছাড়িও হয়ে যায়। ছাড়াছাড়ি হওয়ার পর বিভিন্ন যায়গায় গিয়েও তাদের বিষয়টি মিমাংসা হয়নি। সর্বশেষে মেয়ের পক্ষ থেকে মীমাংসার জন্য থানায় অভিযোগ করা হয়। মেয়ে পক্ষের অভিযোগের প্রেক্ষিতে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেমের পরামর্শক্রমে এএসআই উজ্জল বিষয়টি আমলে নেন।

পরে বৃহস্প্রতিবার সকালে তাদের উভয় পরিবার ও স্থানীয় জনপ্রতিনিধিদের থানায় ডেকে নিয়ে তাদের সংসারে অশান্তির বিষয়টি শোনেন তিনি। সকল ঘটনা শোনার পর উভয় পক্ষকে বুঝিয়ে তাদের ভূল বোঝাবুঝিটা ছেলে এবং মেয়ের সামনে তুলে ধরেন।

একপর্যায়ে দুজনই তাদের ভূল বুঝতে পেরে নতুন করে আবারো সংসার করতে আগ্রহ প্রকাশ করলে দুপক্ষের মেম্বরদের সাথে নিয়ে আপোস মীমাংসা করে।

ছেলে ও মেয়ের সাথে কথা বলে জানা যায়, ভূল বোঝাবুঝির কারনে আমাদের সংসারে একটা বিচ্ছেদের সৃষ্টি হয়েছিলো। মুজিবনগর নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধী সার্ভিস ডেস্ক আমাদের চোখ খুলে দিয়েছে। একটু দেরিতে হলেও আমরা আমাদের ভূল বুঝতে পেরেছে। আমরা আমাদের সন্তানকে নিয়ে আবারো আগের মত সুখের সংসারে ফিরে আসতে পেরেছি।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম জানান, একটি সংসারে স্বামি স্ত্রীর মধ্যে ছোটখাটো ঝামেলা হতেই পারে। তবে এই ছোট ঝামেলা ভূল বোঝাবুঝির কারনে এক সময় সংসার নষ্ট হয়ে যায়।

একই ভাবে এদের দুজনের সংসারটা নষ্ট হয়ে যাচ্ছিলো। এদের একটি বাচ্চা রয়েছে। সংসারটি নষ্ট হয়ে গেলে বাচ্চাটির জীবন অন্ধকারে নেমে আসতো। তাই আমরা চেষ্টা করেছি তাদের আবারো আগের অবস্থায় ফিরিয়ে নিয়ে আসতে।

মুজিবনগর বিশ্ববিদ্যালয় অনুমোদন দেওয়ায় বুড়িপোতা ইউনিয়ন পরিষদের আনন্দ র্যালী

মেহেরপুরে মুজিবনগর বিশ্ববিদ্যালয় স্থাপন সংক্রান্ত প্রস্তাব অনুমোদন দেওয়ায় বুড়িপোতা ইউনিয়ন পরিষদের উদ্যোগে আনন্দ র্যালী অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামানের নেতৃত্বে বুড়িপোতা মাধ্যমিক বিদ্যালয় এর মাঠ থেকে বাজনার তালে তালে গ্রাম বাসীদের নিয়ে এ আনন্দ মিছিল বের করা হয়।

এসময় আনন্দ মিছিলটি গোভীপুর হয়ে মেহেরপুর শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর জেলা পরিষদের সামনে গিয়ে শেষ হয়।

এসময় আনন্দ র্যালীতে উপস্থিত ছিলেন, বুড়িপোতা ইউনিয়নের ১ নং ওয়ার্ডের ইউপি সদস্য মিলন, ২ নং ওয়ার্ডের ইউপি সদস্য সানোয়ার হোসেন, ৩ নং ওয়ার্ডের ইউপি সদস্য শরিফ, ৪ নং ওয়ার্ডের ইউপি সদস্য ইমরান, ৫ নং ওয়ার্ডের ইউপি সদস্য লাল্টু, ৬ নং ওয়ার্ডের ইউপি সদস্য ওয়াশিম, ৭ নং ওয়ার্ডের ইউপি সদস্য ইসমাইল,৮ নং ওয়ার্ডের ইউপি সদস্য আলমগীর, ৯ নং ওয়ার্ডের ইউপি সদস্য সিদ্দিকুর রহমান, ও ৪, ৫, ৬ এর বর্তমান মহিলা মেম্বর আসমান আরা মিশ্রী, ও

সাবেক ইউপি সদস্য আরজেনা খাতুন সহ ৮ নং ওর্য়াডের সাধারন সম্পাদক শাহিন, আনিসুর রহমান, রনি, ফুলচাদ, আনসার মোল্লা, শাহারুল সহ গোভীপুরের গ্রামবাসীরা।

মুজিবনগরে সড়কে বালি রাখায় এক জনের জরিমানা

মেহেরপুরের মুজিবনগরে সড়কে বালি রাখার অপরাধে মনিরুল ইসলাম নামের এক ব্যক্তির কাছে থেকে ৫হাজার টাকা জরিমানা আদায় করেছেন ভ্রাম্যমাণ আদালত।

বুধবার বিকাল ৫ টার দিকে উপজেলার দারিয়াপুরে মুজিবনগর-মেহেরপুর প্রধান সড়কের পাশে বালি রেখে চলাচলের বিঘ্ন সৃষ্টি করছে এমন সংবাদ পেয়ে মুজিবনগর উপজেলা সহকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুল আলম এ আদালত পরিচালনা করেন। দণ্ডিত মনিরুল ইসলাম দারিয়াপুর গ্রামের মৃত ওয়াছেদ আলির ছেলে।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক জানান, মুজিবনগরের প্রধান সড়কের পাশে বালি রেখে জনসাধারনের চলাচলে বিঘ্ন সৃষ্টি করার অপরাধে দারিয়াপুর গ্রামের মনিরুল ইসলামের কাছ থেকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৮৯ ধারা অনুযায়ী প্রধান সড়কের পাশে বালি রেখে জনসাধারনের চলাচলে বিঘ্ন সৃষ্টি করার অপরাধে পাঁচ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। ভ্রাম্যমাণ আদালতে চলাকালীন মুজিবনগর থানার এস আই বাবলু সঙ্গীয় ফোর্স নিয়ে উপস্থিত ছিলেন।

গণতন্ত্রের বিজয় দিবস উপলক্ষে

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের পুষ্পমাল্য অর্পন

গণতন্ত্রের বিজয় দিবস পালন উপলক্ষে মুজিবনগর কমপ্লেক্স বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করেছেন মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ।

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে বুধবার সকাল সাড়ে নয়টার দিকে পুষ্পমাল্য অর্পন করা হয়।

এ সময় জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন,মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ,
বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মজিবুর রহমান মধু,সাধারন সম্পাদক নজরুল ইসলাম,দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুস্তাকিম হক খোকন,

মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম অপা,উপজেলা যু্বলীগের সভাপতি কামরুল হাসান চাদু,উপজেলা কৃষকলীগের সভাপতি নজরুল ইসলাম,উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দীন লাভলু, উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সহসভাপতি মতিয়ার রহমান মতিনসহ আওয়ামীলীগ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে গুডনেইবার্স এর আয়োজনে গিফট ক্যাম্পেইন অনু্ষ্ঠিত

মুজিবনগরে গুডনেইবার্স এর আয়োজনে গিফট ক্যাম্পেইস এর আওতায় শিশুদের মাঝে বিভিন্ন সামগ্রী বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে এগারোটার দিকে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি মুজিবনগর উপজেলার বল্লভপুর প্রজেক্ট অফিস প্রঙ্গনে এসব উপহার সামগ্রী বিতরণের আয়োজন করা হয়।

উপহার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে গুডনেইবার্স এর প্রোগ্রাম অফিসার তসলিমা খাতুনের সঞ্চালনায় এবং গুডনেইবাস্ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার লিংকন রায় এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি জিয়াউদ্দীন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গুডনেইবাস্ এর সি ডি সি সভাপতি ও বাগোয়ান ইউপি ৬ নং ওয়ার্ড সদস্য সংকর বিশ্বাস,গুডনেইবাস্ এর মেডিকেল অফিসার সাজদ্বীপ ইসলাম,এস ই অফিসার ঝর্না খাতুন।

ক্যাম্পেইন শেষে উপহার বিতরণ অনুষ্ঠানে গুডনেইবাস্ এর পন্সরকৃত ৮৯৫ জন শিশুর মাঝে টিফিন বক্স,জেমিতি বক্স, বিস্কুট এবং একটি করে কম্বল উপহার হিসাবে প্রদান করা হয়।